আলমডাঙ্গার কুমার নদীর পুনঃখননের কাজের উদ্বোধন করলেন- এমপি ছেলুন

আলমডাঙ্গা উপজেলার বড়বোয়ালিয়া কুমারনদীর পুনঃখনন কাজের উদ্বোধন করা হয়েছে।
গতকাল বেলা সাড়ে ১১ টার দিকে আনুষ্ঠানিক ভাবে শুভ উদ্বোধন করেন প্রধান অতিথি চুয়াডাঙ্গা ১ আসনের মাননীয় সংসদ সদস্য ও চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সভাপতি মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন।

অনুষ্টানে সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মো: নজরুল ইসলাম সরকার। বিশেষ অতিথি ছিলেন চুয়াডাঙ্গা জেলার অতিরিক্ত পুলিশ সুপার জনাব আবুল বাশার, পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী জাহেদুল ইসলাম, আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার মো: লিটন আলী, আলমডাঙ্গা থানা ইনচার্জ সৈয়দ আশিকুর রহমান।

এ সময় আরও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি খুস্তার জামিল, জেলা সাংগঠনিক সম্পাদক মাসুদুজ্জামান লিটু বিশ্বাস, জেলা ছাত্রলীগের সভাপতি মোনায়েম হাসান জোয়ার্দ্দার অনিক এবং স্থানীয় নেতৃবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন

ভাংবাড়ীয়া ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আশাবুল হক ঠান্ডু, সাধারণ সম্পাদক সাজিবুর রহমান, মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির সচিব জিনারুল ইসলাম বিশ্বাস, মুক্তিযোদ্ধা খোশদেল আলম, আব্দুল মালেক, সোয়েব উদ্দীন, ভাংবাড়ীয়া ইউপির ১নং ওয়ার্ড সদস্য আমিরুল ইসলাম, ২নং ওয়ার্ড সদস্য সাহিবুল ইসলাম, ৮নং ওয়ার্ড ইউপি সদস্য সুমন বিশ্বাস, ৯নং ওয়ার্ডের সাবেক ইউপি সদস্য আব্দুস সালাম, ৮নং ওয়ার্ড সাবেক ইউপি সদস্য বিল্লাল হোসেন, আওয়ামী লীগ নেতা আশরাফুজ্জামান নান্নু, বিল্লাল হোসেন কালু, আজাদ আলী বিশ্বাস, আসমান হাকিম, মহাবুল ইসলাম, আমিরুল প্রামাণিক, আব্দুর রাজ্জাক, আব্দুল হান্নান সহ উপজেলা ও জেলা আওয়ামী লীগের নেতাবৃন্দ।

আলমডাঙ্গা প্রতিনিধি

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

‘[redacted]’ [redacted]

[redacted]

[redacted]

[redacted]

জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তনে অনুষ্ঠিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন।

এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার এসএম মুরাদ আলি, সদর উপজেলা নির্বাহী অফিসার মো: মাসুদুল আলম, ডা. অলোক কুমার দাস। স্বাগত বক্তব্য রাখেন জেলা সমবায় অফিসার সৈয়দ জসীমউদ্দীন। রোকনুজ্জামান তুষারের সঞ্চালনায় অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন মৎস্যজীবী প্রতিনিধি আব্বাস আলী, ক্ষুদিরাম হালদার প্রমুখ।

এদিকে ৪৮ তম জাতীয় সমবায় দিবস উপলক্ষে সকালে একটি র্যালীবের করা হয়। জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এর নেতৃত্বে র্যালীটি জেলা সমবায় অফিস থেকে শুরু করে প্রধান সড়ক হয়ে জেলা শিল্পকলা একাডেমীতে শেষ হয়। পরে জেলা শিল্পকলা একাডেমীর সামনে জাতীয় পতাকা ও সমবায় পতাকা উত্তোলন করে সেখানে শান্তির প্রতিক কবুতর উড়ানো হয়। পরে সমবায় কাজে বিশেষ অবদান রাখায় সমবায়ীদের মাঝে ক্রেস্ট প্রদান করা হয়।

গাংনী প্রতিনিধি জানান, “বঙ্গবন্ধুর দর্শন, সমবায়ে উন্নয়ন” এ প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুরের গাংনীতে ৪৮তম জাতীয় সমবায় দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

বেলা সাড়ে ১০টার দিকে আলোচনা সভার শুরুতে জাতীয় ও সমবায় পতাকা উত্তোলন করা হয়।

এর পরপরেই উপজেলা পরিষদের সভা কক্ষে এক আলোচনা সভার আয়োজন করা হয়।
আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি সাহিদুজ্জামান খোকন।

উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমানের সভাপতিত্বে ও উপজেলা প্রশাসন, সমবায় বিভাগ ও সমবায় বৃন্দদের আয়োজনে বিশেষ অতিথির বক্তব্য রাখেন, উপজেলা চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, জেলা আওয়ামী লীগের সহ সভাপতি সিরাজুল ইসলাম, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা, পৌর মেয়র আশরাফুল ইসলাম প্রমুখ।

এ সময় উপজেলার সকল সমবায় সমিতির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

মুজিবনগর অফিস জানায়, গতকাল ০২ নভেম্বর আলোচনা সভা, র্যালী ও সমবায়ীদের মাঝে পুরষ্কার বিতরনের মধ্যে দিয়ে মুজিবনগরে ৪৮ তম সমবায় দিবস পালিত হয়েছে।
গতকাল শনিবার সকালে উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাসের নেতৃত্বে উপজেলা পরিষদ চত্তর থেকে একটি র্যালী বের করা হয়।

র্যালীটি শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদ চত্তরে গিয়ে শেষ হয়। পরে উপজেলা পরিষদ মিলনাআয়তনে এক আলোচনা সভা ও সেরা সমবায় সমিতির মধ্যে পুরষ্কার বিতরন করা হয় ।

তথ্যসেবা কর্মকর্তা তানিয়া খন্দকারের সঞ্চালনায় উপজেলা নির্বাহী অফিসার উসমান গনির সভাপতিত্বে “বঙ্গবন্ধুর দর্শন সমবায়ে উন্নয়ন” এই প্রতিপাদ্য সামনে রেখে শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথি বক্তব্য রাখেন উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস।

বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার শামীম রেজা, গোপালনগর কোঅপারেটিভ ক্রেডিট লীগের চেয়ারম্যান ও ইসলামী বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক আব্দুর রাজ্জাক, সিডিবি চেয়ারম্যান সাহাবুদ্দীন, দারিদ্র বিমোচন অফিসার প্রসেনজিৎ কুমার ঘোষ, অনুষ্ঠানে সমাপনি বক্তব্য রাখেন উপজেলা সমবায় অফিসার আব্দুর রশিদ প্রমুখ।

এর আগে জাতীয় সংগীতের সুরে সুরে জাতীয় পতাকা ও সমবায় পতাকা উত্তোল করা হয়। উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস ও উপজেলা নির্বাহী অফিসার উসমান গনী পতাকা উত্তোলন করেন।

আলমডাঙ্গা প্রতিনিধি জানান, আলমডাঙ্গায় ৪৮ তম জাতীয় সমবায় উপলক্ষে র্যালী, আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্টিত হয়েছে। গতকাল সকাল ১০ টার দিকে উপজেলা চত্তর থেকে এক বর্নাঢ্য র্যালী শহর প্রদক্ষিণ শেষে মুক্তিযোদ্ধা হলরুমে আলোচনা সভা অনুষ্টিত হয়।

সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার মো: লিটন আলী। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, থানা অফিসার ইনচার্জ সৈয়দ আশিকুর রহমান।

সমাজ সেবা কর্মকর্তা আফাজ উদ্দিনের উপস্থাপনায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মুক্তিযোদ্ধা আলহাজ্ব শেখ নুরমোহাম্মদ জকু, সহকারি পরিদর্শক আবুল হোসেন, বুলবুল হোসেন, মিজানুর রহমান, বিআরডিবি চেয়ারম্যান মুহিদুল ইসলাম মুহিদ, বিআরডিবি বিত্তহীন সমবায় সমিতির সভাপতি মুকছার আলী, উপজেলা আওয়ামী লীগের সাংগাঠনিক সম্পাদক আতিয়ার রহমান, প্রকল্প কর্মকর্তা এনামুল হক, আইসিটি কর্মকর্তা স্নিগ্ধা দাস, তন্তুবায় সমবায় সমিতির সম্পাদক হাজী গোলাম রহমান সিঞ্জুল প্রমুখ।

স্বাগত বক্তব্য রাখেন সমবায় অফিসার নাজির হোসেন। অনুষ্টানে আলমডাঙ্গা বন্ধন ক্যাবল নেটওয়ার্ক সমবায় সমিতিকে প্রথম স্থান, নওদা দুর্গাপুর মধ্যমাঠ সমবায় সমিতি ২য়, ও ঐসি সঞ্চয় ঋনদান সমবায় সমিতি ৩য় স্থান অধিকার কারায় তাদের পুরস্কার প্রদান করা হয়।
এ ছাড়াও ১৬ জন ব্যাক্তি ও প্রতিষ্টানকে পুরস্কার প্রদান করেন, তাদের মধ্যে উল্লেখ্য মুক্তিযোদ্ধা আলহাজ্ব শেখ নুরমাহাম্মদ জকু, আলমডাঙ্গা প্রেসক্লাব, আলমডাঙ্গা থানা অফিসার ইনচার্জ, উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন, পৌর মেয়র হাসান কাদীর গনু, শামিম রেজা প্রমুখ।

আলমডাঙ্গায় মাংস ব্যাবসায়ীর জরিমানা

আলমডাঙ্গায় ভ্রাম্যমান আদালত বসিয়ে পচা ও বাসি মাংস বিক্রয়ের অপরাধে এক ব্যাবসায়ীকে জরিমানা করা হয়েছে।

গতকাল শনিবার বেলা ১২ টার দিকে আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার মাংস বাজারে এরশাদপুর গ্রামের মহির উদ্দিন কশাইয়ের ছেলে আরিফ কশাই (৩৪) পচা ও বাসি মাংস বিক্রয় করার সময় ভ্রাম্যমান আদালত বসিয়ে আরিফ কশাইকে ভোক্তা অধিকার আইনে ১ হাজার টাকা জরিমানা করে।

এ সময় উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডা. আব্দুল্লাহিল কাফি ও থানা পুলিশ উপস্থিত ছিল। ইতিপুর্বেও আলমডাঙ্গা মাংস বাজারে একই

ভাবে পচা, বাসি, ধাড়ী ছাগলকে খাসি ছাগল বলে বিক্রয় করার অপরাধে জরিমানা করা হয়েছিল।

কিন্ত তাপরও এরা সংশোধন না হওয়ায় বাজার মনিটরিং জোরদার করে উপজেলা প্রশাসন।

আলমডাঙ্গা প্রতিনিধি

বেলগাছি ইউনিয়ন আওয়ামী লীগের সম্মেলন প্রস্ততি সভা অনুষ্টিত

আলমডাঙ্গা সরকারি কলেজ চত্তরে বেলগাছি ইউনিয়ন আওয়ামী লীগের জরুরী সভা অনুষ্টিত হয়েছে।

গতকাল বিকেল ৪ টার দিকে জরুরি সভায় সভাপতিত্ব করেন বেলগাছি ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি সমীর কুমার দে। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বেলগাছি ইউপি চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আমিরুল ইসলাম মন্টু।

বেলগাছি ইউনিয়ন আওয়ামী লীগের সম্পাদক নজরুল ইসলামের উপস্থাপনায় ৯টি ওয়ার্ডের সভাপতি, সাধারণ সম্পাদক বৃন্দ বক্তব্য রাখেন তারা হলেন ইউছুপ আলী, তনছের আলী, রমজান আলী, নাজমুল হক, সেন্টু বিশ্বাস, সাইফুদ্দিন, আনোয়ার হোসেন, আলী মুদ্দিন, আব্দুর রজ্জাক, মফিজ উদ্দিন, টিপু সুলতান, মফিজ উদ্দিন, হারুন অর রশিদ প্রমুখ।
সভায় প্রধান অতিথি সকল ওয়ার্ড সভাপতি, সম্পাদকের উদ্দেশ্যে বলেন অনতিবলম্বে বেলগাছি ইউনিয়ন সম্মেলন করতে হবে, আপনারা প্রস্ততি নেন, জেলা আওয়ামী লীগের সভাপতি মুক্তিযোদ্ধা সোলায়মান হক।

এ সময় বক্তারা বলেন সময় দিলে আমরা সম্মেলন করতে প্রস্তত আছি।

আলমডাঙ্গা প্রতিনিধি

[redacted]

[redacted]

বীর মুক্তিযোদ্ধাদের বীরত্ব গাঁথা সংরক্ষণ ও নতুন প্রজন্মদের নিকট তুলে ধরছি বিভিন্ন স্কুলে ও কলেজ প্রোগ্রামের মাধ্যমে। এই পর্যন্ত আমাদের সংগঠন বাংলাদেশের প্রায় ৩হাজার ৪শত স্কুল ও কলেজে মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধকরণ কর্মশালার আয়োজন করেছে।

এছাড়াও আমরা মুক্তিযোদ্ধাদের সামাজিক ভাবে প্রতিষ্ঠা, ভুয়া সনাক্তকরণ ও ভুয়ামুক্ত মুক্তিযোদ্ধা তালিকা, সাংবিধানিক স্বীকৃতি সহ জামুকা ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সকল পদে মুক্তিযোদ্ধার প্রজন্মদের যোগ্যতার ভিত্তিতে কর্ম সংস্থানের দাবিতে আমরা অবিরত কাজ করে যাচ্ছি।

উক্ত কর্মশালায় বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন মুক্তিযোদ্ধার ইতিহাস সংরক্ষণ কমিটি বাংলাদেশ এর সাধারণ সম্পাদক (ভারপ্রাপ্ত) আজিজুল ইসলাম (রতন), সহ সাধারণ সম্পাদক সারোয়ার হোসেন মোড়ল, সাংগঠনিক সম্পাদক নাজমুল হাসান লিমন মল্লিক, কেন্দ্রীয় নির্বাহী সদস্য জাহিদ সর্দার ও লিটন শেখ।

উদ্বুদ্ধকরণ কর্মশালা শেষে উপস্থিত সকলকে সংগঠনের পক্ষ থেকে লালা সবুজ বাংলাদেশের পতাকা নিশান সংগঠনের ওয়েবসাইট এড্রেস খুদিত কলম উপহার দেবার পর আলমডাঙ্গা উপজেলা আহবায়ক কমিটির আহবায়ক হিসেবে কাজী মারজাহান নিতু, এবং যুগ্ম-আহবায়ক হিসেবে শরিফুল ইসলাম সুমন, মোল্লা মেজবাহ উদ্দিন রিপন, সৈকত খান এবং সদস্য সচিব হিসেবে মো: মীর লিন্টু কে মনোনীত করে আহবায়ক কমিটি গঠন করে কেন্দ্রীয় মুক্তিযোদ্ধার ইতিহাস সংরক্ষণ কমিটি বাংলাদেশের সাংগঠনিক সম্পাদক লিমন মল্লিক কে পূর্ণাঙ্গ কমিটি গঠনের দায়িত্বভার অর্পন করা হয়।

- আলমডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গায় বেনাপোল

এক্সপ্রেসের যাত্রীদের ফুলেল শুভেচ্ছা জানিয়েছে ‘নিসচা’

চুয়াডাঙ্গা থেকে ঢাকাগামি বেনাপোল এক্সপ্রেস ট্রেনের প্রথম যাত্রী হিসাবে চুয়াডাঙ্গার চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মিজানুর রহমানকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়েছে। একই সাথে এই ট্রেনের সকল যত্রীকেও ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

শুক্রবার বিকালে চুয়াডাঙ্গা রেলওয়ে স্টেশনে যাত্রীদের শুভেচ্ছা জানায় নিরাপদ সড়ক চাই- ‘নিসচা’ চুয়াডাঙ্গা জেলা শাখার নেতৃবৃন্দ।

‘নিসচা’ চুয়াডাঙ্গা শাখার সাধারণ সম্পাদক জাকির হোসেন জানান, চুয়াডাঙ্গা থেকে ঢাকায় যাওয়ার জন্য ইতিপূর্বে মাত্র দুটি ট্রেন ছিলো। চাহিদার তুলনায় আসন সংকটের কারনে অনেক যাত্রীই এ ট্রেনে যাত্রা করতে পারতেন না। সম্প্রতি মাননীয় প্রধানমন্ত্রী ঢাকা- বেনাপোল রুটে নতুন ট্রেন সংযোজন করেন।

এরপর জেলাবাসীর পক্ষে ‘নিসচা’ বেনাপোল এক্সপ্রেস ট্রেনের চুয়াডাঙ্গায় যাত্রা বিরতি চেয়ে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি প্রদান করে। জেলাবাসীর এ আবেদনের প্রেক্ষিতে রেলওয়ে কর্তৃপক্ষ চুয়াডাঙ্গা ও দর্শনায় যাত্রাবিরতির সিদ্ধান্ত নেন। এতে জেলাবাসী আনন্দিত হয়। এজন্য এ ট্রেনের চুয়াডাঙ্গায় প্রথম যাত্রাবিরতির দিনে এর যাত্রীদের ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

এ সময় উপস্থিত ছিলেন ‘নিসচা’ চুয়াডাঙ্গা জেলা শাখার সভাপতি অ্যাডভোকেট আলমগীর হোসেন, সহ-সভাপতি মাবুদ সরকার, সাধারণ সম্পাদক জাকির হোসেন, সহ-সাধারণ সম্পাদক শামীম আহম্মেদ বিপ্লব, সাংগঠনিক সম্পাদক অ্যাডভোকেট হানিফ উদ্দিন, আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট রফিকুল ইসলাম, উপদেষ্টা শাহ আলম সনি, দূর্ঘটনা ও গবেষণা বিষয়ক সম্পাদক জামান আখতার, মহিলা বিষয়ক সম্পাদক কানিজ সুলতানা, যুব বিষয়ক সম্পাদক ইসমাইল হোসেন, দপ্তর সম্পাদক মামুন অর রশিদ, নির্বাহী সদস্য আবু বক্কর সিদ্দিক, বিপুল কুমার, জুলিয়াস আহম্মেদ মিন্টু ও সাইফ উদ্দিন।

- চুয়াডাঙ্গা প্রতিনিধি

[redacted]

[redacted]

[redacted]

[

পেঁয়াজ রশুনের ঝাজে কাঁদছে ক্রেতারা

রশুন পেঁয়াজের দাম কমছেইনা। মেহেরপুরের গাংনী উপজেলা শহরের সবজি ও তরকারি বাজার ঘুরে দেখা যায় প্রতি কেজি রশুনের দাম ১শ’ ৮০ টাকা যা গত সপ্তাহে ছিল ১শ’৪০ থেকে ১শ’ ৬০ টাকা।

এদিকে ঝালের দাম গত সপ্তাহের চাইতে কেজিতে ২০ টাকা কমেছে। যা গত সপ্তাহে ছিল ৬০ টাকা কেজি।

তাছাড়া অন্যান্য সকল প্রকার সবজির দাম কেজি প্রতি ২৫ থেকে ৩০ টাকা কেজি দরে চললেও বাজারের নতুন সবজি হিসেবে টমেটো কেজি প্রতি ১৪০ টাকা দরে বিক্রয় হচ্ছে।
মাংসের বাজার আগের মতোই রয়েছে। গরুর মাংস কেজি প্রতি ৫শ’ টাকা খাসির মাংস সাড়ে ৬শ’ টাকা করে বিক্রয় হচ্ছে।

এদিকে দেশী মুরগী সাড়ে ৩শ’ থেকে ৩শ’ ৮০ টাকা প্রতি কেজি দরে বিক্রয় হচ্ছে। তাছাড়া ফার্মের বিভিন্ন প্রকারের মুরগী কেজি প্রতি ১শ’৮০ থেকে ২শ’ ৫০ টাকা দরে বিক্রয় হতে দেখা গেছে।

কয়েকজন ক্রেতা জানান, সবজির দাম সহনীয় পর্যায়ে থাকলেও পেয়াজ রশুন কিনতে নাভিশ্বাস অবস্থা হয়ে যাচ্ছে।
এদিকে সবজি বিক্রেতারা জানান পেঁয়াজ রশুনের আমদানিই নাই যে কারণে এর দাম বেশি পড়ছে।

তবে তারা জানান কিছুদিনের ভিতর রশুন পেঁয়াজের দাম কিছুটা কমতে পারে।
এ দিকে দর্শনা প্রতিনিধি জানান, দর্শনা পৌরসভার দর্শনা রেল বাজারে তদারকি না থাকায় ইচ্ছা মত দাম নিচ্ছে পাইকারী ও খুচরা বিক্রেতারা।

দর্শনা রেল বাজার ঘুরে দেখা গেছে পাইকারী দোকানিরা পেঁয়াজের দাম নিচ্ছে ১শ ৩০ টাকা থেকে ১শ ৪০ টাকা। আর খুচরা ব্যাবসায়ীরা দাম হাকাচ্ছে ১শ ৬০ টাকা থেকে ১শ ৭০ টাকা।

বাজারে তদারকি না থাকায় সাধারণ মানুষের নাভিশ্বাস হয়ে পড়েছে। সাধারণ ক্রেতার সাথে কথা বললে জানা যায়, পেঁয়াজের ঝাঁজে সারা

বাংলাদেশের মানুষ অতিষ্ট হয়ে পড়ছে। এ ভাবে পেয়াজের বাজার নিয়ত্রণ না করতে পারলে এক শ্রেনীর ব্যাবসাদাররা আঙ্গুল ফুলে কলাগাছ হয়ে যাবে।

তাই সাধারণ মানুষ বাজার করতে গেলে বলে পেঁয়াজ আর রসুন কিনলে টাকা শেষ হয়ে যাচ্ছে তা হলে আর বাজার কি দিয়ে করব। সাধারণ মানুষের দাবি দর্শনা বাজার তদরকি করলে পেঁয়াজের দাম ক্রয় ক্ষমতার মধ্যে আসবে।

- গাংনী ও দর্শনা প্রতিনিধি

আলমডাঙ্গা ওসির সাথে উপজেলা শিক্ষক সমিতির সৌজন্য সাক্ষাত

আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ সৈয়দ আশিকুর রহমানের সাথে উপজেলা শিক্ষক সমিতির সৌজন্য সাক্ষাত ও স্বারক সম্মাননা প্রদান করেছে।

গতকাল দুপুর ২ টার দিকে আলমডাঙ্গা সরকারি প্রাথমিক শিক্ষক সমিতির নেতৃবৃন্দ আলমডাঙ্গার নবাগত অফিসার ইনচার্জ সৈয়দ আশিকুরের অফিস কক্ষে সৌজন্য সাক্ষাতে মিলিত হন।

এ সময় শিক্ষক সমিতির পক্ষ থেকে ওসি সৈয়দ আশিকুর রহমানকে স্বারক সম্মাননা প্রদান করেন।

এ সময় ওসি আশিকুর রহমান বলেন আপনাদের যে কোন ভাল কাজে আমাকে সঙ্গে পাবেন, আমি আপনাদের সর্বাঙ্গিন সহযোগীতা চাই।

অনুষ্টানে উপস্থিত ছিলেন শিক্ষক সমিতির সভাপতি রেফাউল হক, সম্পাদক আলম হোসেন, প্রধান শিক্ষক খন্দকার আলহাজ্ব রাকিবুস সালেহীন, হারেজ উদ্দিন, আমিনুল ইসলাম, আবুল কালাম আজাদ, জাকির হোসেন, এনামুল হক, সহকারি শিক্ষক রিজভী আহম্মেদ প্রমুখ।
সভা শেষে শিক্ষক বৃন্দ অফিসার ইনচার্জের সাথে মধ্যহ্ন ভোজ করেছেন।